

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৭৩

৫/ মসজিদ ও সালাতের স্থান (كتاب الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلاَة) পরিচ্ছেদঃ ৪৪. কোন ওযরবশত জামা'আতে শরীক না হওয়া

আরবী

وَحَدَّتَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنِ الْأَوْزَاعِيّ، قَالَ حَدَّتَنِي الزَّهْرِيُّ، عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ، قَالَ إِنِّي لأَعْقِلُ مَجَّةً مَجَّهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ دَلْوٍ فِي دَارِنَا . قَالَ مَحْمُودُ فَحَدَّتَنِي عِتْبَانُ بْنُ مَالِكٍ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ بَصَرِي قَدْ سَاءَ . وَسَاقَ الْحَدِيثَ إِلَى قَوْلِهِ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ وَحَبَسْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى جَشِيشَةٍ صَنَعْنَاهَا لَهُ . وَلَمْ يَذْكُرْ مَا بَعْدَهُ مِنْ زِيَادَةِ يُونُسَ وَمَعْمَرٍ .

বাংলা

১৩৭৩। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ... মাহমূদ ইবনুর রাবী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেই কুলির কথা এখনও আমার স্মরণ আছে, যেটি তিনি আমাদের ঘরে বালতির পানি থেকে আমার উপর ছুঁড়েছিলেন। মাহমুদ (রহঃ) বলেন, ইতবান ইবনু মালিক (রাঃ) আমার কাছে বর্ণনা করেন যে, তিনি বলেছিলেন, ইয়া রাসূলাল্লাহা আমার চোখ অন্ধ হয়ে গেছে তারপর তিনি সমুদয় হাদীসটি এই পর্যন্ত বর্ণনা করেন যে, এরপর আমাদের নিয়ে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'রাক'আত সালাত আদায় করেন। আর আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য বিলম্ব করলাম ঐ জাশীশার জন্য যা আমরা তার জন্য তৈরী করেছিলাম। তিনি ইউনুস ও মা'মার (রহঃ) থেকে বর্ণিত পরবর্তী অংশ বর্ণনা করেননি।

English

Mahmud b. Rabi' reported:

I well remember the disgorge of the Messenger of Allah (ﷺ) that he did (with water) from a bucket of our house. Mahmud said: 'Itban b. Malik narrated it to me that he had said: Messenger of Allah, I have lost my eyesight, and the rest of the hadith is the same up to these words:" He led us in two rak'ahs of



prayer and we detained the Messenger of Allah (ﷺ) for serving him the pudding that we had prepared for him," and no mention has been made of what follows next from the addition made by Yunus and Ma'mar.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন